

খবর

তদন্ত প্রতিবেদন ড্রয়ারে গেলে দুর্নীতির প্রবাহ শুরু হবে - ফরাস উদ্দিন

নিজস্ব প্রতিবেদক

ডিসেম্বর ২৯, ২০২১ |

বণিকবার্তা



অর্থিক দুর্নীতি বা যেকোনো তদন্ত প্রতিবেদন ড্রয়ারে গেলে দুর্নীতির প্রবাহ শুরু হয় বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাস উদ্দিন। আজ বুধবার সকালে হোটেল ইন্টার কন্টিনেন্টালে বণিক বার্তা আয়োজিত দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলন ২০২১- এ এক ভিডিও বার্তায় তিনি এ মন্তব্য করেন।

ফরাস উদ্দিন বলেন, কভিডকালে যে প্রণোদনা দেয়া হয়েছে এর ৮০ শতাংশই পেয়েছে বড় উদ্যোক্তারা। ক্ষুদ্র ব্যবসায়ীরা সেভাবে প্রণোদনার অর্থ পাননি। বিষয়টিকে নিয়ে তিনি আরো ভাবার আহ্বান জানান তিনি। কভিডের ক্ষতি কাটিয়ে উঠতে বাংলাদেশের ভূমিকা অব্যাহত রাখতে হবে বলেও উল্লেখ করেন তিনি।

মানি লন্ডারিং ঠেকাতে বাংলাদেশ ব্যাংককে গুরুত্বপূর্ণ ও কঠোর ভূমিকা পালনের ওপর জোর দেন সাবেক এই গভর্নর।

বণিক বার্তা আয়োজিত এ সম্মেলনে উপস্থিত আছেন বাংলাদেশ ব্যাংকের ৫ জন গভর্নর। দি সিটি ব্যাংক

লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মাসরুর আরেফিন স্বাগত বক্তব্যের মাধ্যমে সম্মেলনটি শুরু হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের অবদান তুলে ধরেন বণিক বার্তা সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ। তিনি বলেন, দেশের অর্থনৈতিক পুনর্গঠনে যেসব প্রতিষ্ঠান ভূমিকা রেখেছে, এর মধ্য অন্যতম বাংলাদেশ ব্যাংক।

পাঁচ দশকের অর্থনীতির উন্নয়ন-প্রসারণে কেন্দ্রীয় ব্যাংকের রয়েছে বড় ভূমিকা। সম্মেলনের এবারের বিষয় কেন্দ্রীয় ব্যাংক। পাঁচ দশকের উন্নয়ন অভিযাত্রায় কেন্দ্রীয় ব্যাংক এই শিরোনামে সম্মেলনের মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। সম্মানিত অতিথি হিসেবে আলোচনা করছেন সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, ফখরুদ্দীন আহমদ, সালেহউদ্দিন আহমেদ, আতিউর রহমান ও অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব আব্দুর রউফ তালুকদার।



বাংলাদেশ ব্যাংক ([https://bonikbarta.net/home/news/0/0/0/0/বাংলাদেশ ব্যাংক](https://bonikbarta.net/home/news/0/0/0/0/বাংলাদেশ%20ব্যাংক))

সাবেক গভর্নর ([https://bonikbarta.net/home/news/0/0/0/0/সাবেক গভর্নর](https://bonikbarta.net/home/news/0/0/0/0/সাবেক%20গভর্নর))

মোহাম্মদ ফরাস উদ্দিন ([https://bonikbarta.net/home/news/0/0/0/0/ মোহাম্মদ ফরাস উদ্দিন](https://bonikbarta.net/home/news/0/0/0/0/মোহাম্মদ%20ফরাস%20উদ্দিন))

দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলন ২০২১ ([https://bonikbarta.net/home/news/0/0/0/0/দ্বিতীয় বাংলাদেশ অর্থনৈতিক সম্মেলন ২০২১](https://bonikbarta.net/home/news/0/0/0/0/দ্বিতীয়%20বাংলাদেশ%20অর্থনৈতিক%20সম্মেলন%20২০২১))